



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৬৭২ /নাটোর-৫৪

তারিখঃ ২৬.০৭.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ- মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।**

১) সূত্র : নং-বামাশিবো/প্রশাসন/৬৬৬/নাটোর-৫৪; তারিখ: ০২/০৭/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন ঝাউপাড়া দাখিল মাদ্রাসার বিগত এডহক কমিটির সভাপতি জনাব মো: আবু বকর সিদ্দিক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫২৮১/২০১৮ দায়ের করেন। নথি পর্যালোচনায় দেখা যায়, বিগত এডহক কমিটির মেয়াদ ২৫/০২/২০১৮ তারিখে শেষ হয়েছে। বিধি মোতাবেক নিয়মিত কমিটির জন্য প্রয়োজনীয় ব্যবস্থার উদ্যোগ গ্রহণ করলেও স্থানীয় রাজনৈতিক কোন্দল ও প্রভাবশালী মহলের হস্তক্ষেপে সঠিক সময় নিয়মিত কমিটির কাগজপত্র দাখিল করতে পারেনি মর্মে সুপার উল্লেখ করেছেন। অপরদিকে বিগত কমিটির সভাপতি বলেন ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ৩০/০১/২০১৮ তারিখে নির্বাচনের তফসিল ঘোষণা করা হয় এবং ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য অত্র বোর্ডে আবেদন করা হয়। উল্লেখ্য, সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটির অনুমোদনের জন্য মাদ্রাসা প্রধান কর্তৃক অনলাইনে কাগজপত্র দাখিল করা হয়নি।

২) রিট পিটিশন নং-১৫২৮১/২০১৮ বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নে অত্র বোর্ড গত ১১/০৭/২০১৯ খ্রি. তারিখে সকল পক্ষের উপস্থিতিতে মুখোমুখি শুনানী গ্রহণ করা হয়। উক্ত শুনানীতে উভয় পক্ষ লিখিত ও মৌখিক বক্তব্য পেশ করেন। উভয় পক্ষের বক্তব্য পর্যালোচনায় দেখা যায় স্থানীয় মতাবিরোধের কারণে সভাপতি নির্বাচনের তারিখ নির্ধারণ করেও সভা আহবান করতে পারেননি মর্মে সুপার ও সভাপতি তাদের বক্তব্যে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় যথাসময়ে সভাপতি নির্বাচন করিতে না পারায় পূর্ণাঙ্গ কমিটি অনুমোদনের নিমিত্তে বোর্ডে দাখিল না করায় বর্তমানে বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটি নেই। সৃষ্ট জটিলতা নিরসনকল্পে ও সুষ্ঠুভাবে প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতির জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৬.০৭.১৯

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

১) সুপার, ঝাউপাড়া দাখিল মাদ্রাসা, গুরুদাসপুর, নাটোর।  
২) সাবেক সভাপতি, ঝাউপাড়া দাখিল মাদ্রাসা, গুরুদাসপুর, নাটোর।

নং-বামাশিবো/প্রশাসন/ /নাটোর-৫৪

তারিখঃ .০৭.২০১৯খ্রিঃ

সুদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নাটোর।
২. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার(প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৪৮৭৪